আল-ফিরদাউস
সংবাদ সমগ্র
মে, ২০২২ঈসায়ী

আল-ফিরদাউস

সংবাদ সমগ্র

মে, ২০২২ঈসায়ী

****

সূচিপত্রঃ

৩১শে মে, ২০২২

সোমালিয়ায় অপ্রতিরোধ্য আল-কায়েদা সংশ্লিষ্ট প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব

আফ্রিকায় নিয়োজিত পেন্টাগনের শীর্ষ সামরিক কর্মকর্তা বুধবার দাবি করছে যে, ২০২০ সালে রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের নির্দেশে সোমালিয়ায় অবস্থানরত মার্কিন সৈন্যদের প্রত্যাহার করা হয়। এর ফলে সোমালিয়ায় আল-কায়েদার অবস্থান অনেকগুণে "শক্তিশালী হয়েছে, আরও বিস্তৃত হয়েছে এবং আরও সাহসী হয়ে উঠেছে"।

সম্প্রতি ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্রের আফ্রিকা কমান্ডের কমান্ডার জেনারেল স্টিফেন টাউনসেন্ড, স্টুটগার্টে কমান্ডের সদর দফতরে সাংবাদিকদের সাথে একটি বৈঠক করে। এসময় সে দাবি করে যে, সোমালিয়া থেকে মার্কিন সেনা প্রত্যাহারের সিদ্ধান্তের পর, আশ-শাবাব দেশের রাজনৈতিক পরিস্থিতির সুযোগ নিয়ে পুনর্গঠিত হয়েছে, উন্নতি করেছে। হর্ন অফ আফ্রিকা অঞ্চলে এর কার্যক্রম ও ক্ষমতা বাড়িয়েছে। আফ্রিকান রাষ্ট্রগুলোর সম্মিলিত জোটের কিছু উন্নত ঘাঁটি দখল করেছে। যার ফলে যুক্তরাষ্ট্রের বর্তমান সন্ত্রাসী প্রেসিডেন্ট জো বাইডেন সম্প্রতি দেশে ফেরত সেনাদেরকে পুনরায় সোমালিয়ায় পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। আমেরিকান কর্মকর্তারা বলছে যে, এই সিদ্ধান্ত সোমালিয়ায় স্থায়ী উপস্থিতি বজায় রেখে ক্রমবর্ধমান কথিত "সন্ত্রাসী হুমকি" কমানোর একটি পদক্ষেপ। এই সিদ্ধান্তের পরিধির মধ্যে, মার্কিন যুক্তরাষ্ট্র সোমালিয়ার বর্তমান পরিস্থিতি পাল্টাতে প্রায় ৫০০ সেনা পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে।

আশ-শাবাবের সামরিক সক্ষমতা বেড়েছে :

মার্কিন সামরিক কর্মকর্তারা মনে করেন, ট্রাম্প-যুগে সোমালিয়ায় যে শূন্যতা তৈরি হয়েছে, তার কারণে জটিল সব হামলা চালানোর সক্ষমতা কয়েকগুণে বেড়েছে আশ-শাবাবের। তাঁরা পূর্বের চাইতে আরও শক্তিশালী ও সুসংগঠিত। এটি অনুমান করা হয় যে, চলতি বছরের মে মাসে শুরু হওয়া তীব্র সংঘর্ষে আশ-শাবাবের হামলায় জাতিসংঘের কথিত "শান্তিরক্ষী" বাহিনীর অন্তত ৩০ সৈন্য মারা গিয়েছে। একই মাসে রাজধানী মোগাদিশু থেকে মাত্র ১৫০ কিলোমিটার দূরে আফ্রিকান ইউনিয়নের ফরোয়ার্ড অপারেশন বেস আশ-শাবাব বিজয় করেছিল। এই মাসেই দেশটিতে অনুষ্ঠিত হয় নতুন সরকার নির্বাচন। যখন নির্বাচনের নির্ধারিত দিন ঘনিয়ে আসতে থাকে, আশ-শাবাব তখন তাদের আক্রমণও জোরদার করে। এরই প্রেক্ষিতে রাজধানীর বিমানবন্দরের কাছে শহিদী হামলা চালান হারাকাতুশ শাবাব মুজাহিদিন। যাতে বহু সংখ্যক গাদ্দার সৈন্য নিহত হলেও সরকার মাত্র চারজন নিহত ও সাতজন আহত হওয়ার কথা স্বীকার করে।

মার্কিন জেনারেল টাউনসেন্ড, ফরেন পলিসি এবং স্টুটগার্টে আফ্রিকান কমান্ডের কেলি ব্যারাকের আরেক সাংবাদিকের সাথে একটি সাক্ষাতকারে বলেছে, "সোমালিয়া থেকে বেরিয়ে আসার সাথে সাথে আমরা যে পুনঃনিয়োগ কার্যক্রম শুরু করেছি, তা শেষ করার পর থেকে গত ১৬ মাসে আশ-শাবাব আরও শক্তিশালী, বিস্তৃত এবং আরও সাহসী হয়ে উঠেছে। সাম্প্রতিক মাসগুলোতে আমরা দেখেছি যে, আমি সেখানে অবস্থান নেওয়ার তিন বছরে গ্রুপটি যেসব হামলা চালাতে সক্ষম হয়নি, এখন তার চাইতেই আরও কঠিন সব অপারেশন পরিচালনা করছে।"

মার্কিন সেনা প্রত্যাহার পরিস্থিতিকে প্রভাবিত করেছে :

বিশ্লেষকরা মনে করেন, সোমালিয়ার যুদ্ধের ময়দান থেকে মার্কিন সৈন্যদের প্রত্যাহার সোমালিয় গোলাম সৈন্যদের গভীরভাবে প্রভাবিত করেছে। ফলে সৈন্যরা আশ-শাবাবের বিরুদ্ধে অপারেশন চালানো তো দূরের কথা, তারা প্রতিরোধও গড়ে তুলতে পারেনি। এতে করে একের পর এক শহর ও ঘাঁটি হারিয়েছে সোমালি গাদ্দার সরকার। যদিও এই সময়ে আফ্রিকান ইউনিয়নের সৈন্যরা গাদ্দার সোমালিয় সৈন্যদের সাহায্য করেছিল, কিন্তু তা আশ-শাবাবকে প্রতিহত করতে যথেষ্ট নয়। বরং এই সময়েই আফ্রিকান ইউনিয়ন তাদের গুরুত্বপূর্ণ কয়েকটি ঘাঁটি আশ-শাবাবের হাতে ছেড়ে পালাতে বাধ্য হয়। কিছু কিছু স্থানে তো আশ-শাবাব কোন যুদ্ধ ছাড়াই সামরিক ঘাঁটি ও এলাকার নিয়ন্ত্রণ নিয়েছে।

এবিষয়ে টাউনসেন্ড অস্বীকার করেছে যে, সোমালিয় সামরিক বাহিনী "আগের চেয়ে দুর্বল"। কিন্তু সে এটা স্বীকার করতে বাধ্য হয়েছে যে, প্রশিক্ষণ ও মনোবলের জন্য সোমালি সৈন্যদের অংশীদারদের প্রয়োজন, যার ফলে তারা ময়দানে কাজ করতে পারবে।

জেনারেল টাউনসেন্ড আরও স্বীকার করে যে, "সোমালিয় সেনারা মোটেও অগ্রসর হয়নি। তাদের এগিয়ে যাওয়ার জন্য সহযোগীদের প্রয়োজন।"

২০২০ সালের জানুয়ারিতে কেনিয়ার 'মান্দি বে' মার্কিন সামরিক বিমানবন্দরে বড় আকারের অভিযান চালান আশ-শাবাব মুজাহিদিন। এর এক বছর পরে সোমালিয়া থেকে আমেরিকান সৈন্যরা দেশ ছেড়ে পালায়। আঞ্চলিক রিপোর্ট অনুযায়ী, ট্রাম্পের নির্দেশে সোমালিয়া থেকে সেনা প্রত্যাহার করার পর আশ-শাবাবের আক্রমণ প্রায় ৩০% বৃদ্ধি পেয়েছে।

টাউনসেন্ড নিজের এই পরাজয় ঢাকতে গিয়ে দাবি করে যে, আশ-শাবাবের ক্রমবর্ধমান এই হামলা সত্ত্বেও তারা সোমালিয়ায় নির্বাচন রোধ করতে পারেনি। অথচ সে এটা একেবারেই এড়িয়ে গিয়েছে যে, আশ-শাবাবের হাত থেকে বাঁচতে সরকারি এই নির্বাচন সংঘটিত হয়েছে একটি সামরিক ঘাঁটির ভিতরে কড়া পাহাড়ার মধ্য দিয়ে। যেখানে ১ কোটি ৬৩ লাখ জনসংখ্যার দেশটির মাত্র কয়েক হাজার লোক এতে অংগ্রহন করেছে। তারপরও মার্কিন এই জেনারেল দাবি করছে আশ-শাবাব নির্বাচন রোধ করতে পারেনি!

আল-কায়েদার সক্রিয় শাখাগুলোর মধ্যে আশ-শাবাব বৃহত্তম :

আশ-শাবাব পূর্ব আফ্রিকা ভিত্তিক আল-কায়েদা সংশ্লিষ্ট একটি ইসলামি প্রতিরোধ বাহিনী। মার্কিন জেনারেল টাউনসেন্ডের মতে "আল কায়েদার সক্রিয় শাখাগুলির মধ্যে আশ-শাবাব এখন বৃহত্তম, ধনী এবং সবচেয়ে মারাত্মক একটি সামরিক বাহিনী।" দলটি তাঁর নতুন ভিডিওগুলোতে আমেরিকার মাটিতে আক্রমণ করার ইচ্ছা প্রকাশ করে চলেছে। একইভাবে পশ্চিম আফ্রিকা ভিত্তিক 'জেএনআইএম'ও আমেরিকা ও ফ্রান্সকে হুমকি দিয়ে আসছে। অন্যদিকে পেন্টাগন মনে করে, এ ধরনের হামলা চালানোর সক্ষমতা এখনো আশ-শাবাবের হয়নি। তবে এটি নিশ্চিত যে, আশ-শাবাব হর্ন অফ আফ্রিকা অঞ্চলে যেকোনো বড় ধরণের অভিযান চালাতে সক্ষম। এর

প্রমাণ তাঁরা ২০১৫ সালে কেনিয়ায় অভিযান শুরু করার মাধ্যমেই দিয়েছেন। যেখানে দেশটির সীমান্তবর্তী অনেক অঞ্চল ও জেলা নিয়ন্ত্রণ করছে আশ-শাবাব। দেশটিতে তাঁরা এমন সব বীরত্বপূর্ণ অপারেশনও পরিচালনা করছেন, যার এক একটিতে শত শত সেনা নিহত এবং আহত হয়েছে।

এদিকে মে মাসের শুরুতে আশ-শাবাবের মিডিয়া থেকে প্রকাশিত একটি ভিডিওটিতে মার্কিন যুক্তরাষ্ট্রে একাকী হামলার মাধ্যমে আক্রমণ (Lone Wolf Attack) এবং সারা বিশ্বে আমেরিকান ও পশ্চিমাদের বিরুদ্ধে জিহাদের আহ্বান জানানো হয়েছে।

ধারণা করা হচ্ছে, অদূর ভবিষ্যতে আল-কায়েদা সংশ্লিষ্ট পশ্চিম আফ্রিকা ভিত্তিক শাখা জেএনআইএম ও পূর্ব আফ্রিকা ভিত্তিক শাখা আশ-শাবাব পশ্চিমা ও ইউরোপীয়দের জন্য বড় হুমকি হয়ে উঠবে। ইতিমধ্যে দল দু'টি কুফফার জোটগুলোকে হুমকি দেওয়ার পাশাপাশি নিজেদের সক্রিয় অঞ্চলগুলোতে পশ্চিমা ও ইউরোপীয় বিভিন্ন দখলদার কোম্পানি ও কর্মকর্তাদের লক্ষ্যবস্তু বানাতে শুরু করেছে।

প্রতিবেদক : ত্বহা আলী আদনান

তথ্যসূত্র:

1. انتخابات الصومال : حيث لا يصوت الشعب
- https://tinyurl.com/5ajra2na

2. US AFRICOM Chief: Al-Shabaab gets ‘bigger, stronger and bolder’
- https://tinyurl.com/mrxbzzvf

সোমালিয়া | রাজধানীতে আশ-শাবাবের সফল হামলায় ২ কর্নেল সহ ১২ সেনা হতাহত

সোমালিয়ার রাজধানী মোগাদিশুতে ২টি পৃথক হামলা চালিয়েছেন ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। যাতে কর্নেল পদমর্যাদার ২ কর্মকর্তা সহ কমপক্ষে ১২ সেনা নিহত এবং আহত হয়েছে।

আঞ্চলিক সংবাদ সূত্র থেকে জানা যায়, ৩০ মে সোমালিয়ার রাজধানী মোগাদিশু সহ দেশের বিভিন্ন স্থানে ১২ এরও বেশি হামলা চালিয়েছেন আল-কায়েদা সংশ্লিষ্ট প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন। যার ২টিই চালানো হয়েছে রাজধানী মোগাদিশুতে।

সূত্রটি মতে, রাজধানীতে হারাকাতুশ শাবাব মুজাহিদিন তাদের প্রথম হামলাটি চালান সীনকাদির এলাকায়। যেখানে সামরিক বাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তাদের একটি গাড়ি টার্গেট করে অতর্কিত হামলা চালান মুজাহিদগণ। এতে গাড়িটি ধ্বংস হয়ে যায় এবং তাতে থাকা কর্নেল পদমর্যাদার ২ কর্মকর্তা সহ ৫ সেনা নিহত হয়। একই সাথে আরও ৬ সেনা আহত হয়। যাদের অবস্থা আশংকাজনক বলে জানিয়েছে চিকিৎসকরা।

এই হামলার কিছুক্ষণ পরেই রাজধানীর বারাবেহ এলাকায় একটি সফল টার্গেট কিলিং অপারেশন চালান মুজাহিদগণ। যাতে গাদ্দার সোমালি সামরিক বাহিনীর এক কর্মকর্তা নিহত হয়।

এদিন সোমালিয়ার জিয়ু, বানাদির ও শাবেলি রাজ্যে ক্রুসেডার আফ্রিকান ইউনিয়ন এবং সোমালি সামরিক বাহিনীর ৯টি ঘাঁটিতে একযোগে তীব্র হামলা চালান হারাকাতুশ শাবাব মুজাহিদগণ। যাতে শত্রু বাহিনী ব্যাপক ক্ষয়ক্ষতির শিকার হয়। তবে তার সুনির্দিষ্ট কোন পরিসংখ্যান এখনো জানা যায় নি।

ধারণা করা হচ্ছে, আশ-শাবাবের দুর্দান্ত এসব অভিযানে বহু সংখ্যক কুফফার সৈন্য নিহত এবং আহত হয়েছে।

৩০শে মে, ২০২২

সোমালিয়ায় অপ্রতিরোধ্য আল-কায়েদা সংশ্লিষ্ট প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব

আফ্রিকায় নিয়োজিত পেন্টাগনের শীর্ষ সামরিক কর্মকর্তা বুধবার দাবি করছে যে, ২০২০ সালে রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের নির্দেশে সোমালিয়ায় অবস্থানরত মার্কিন সৈন্যদের প্রত্যাহার করা হয়। এর ফলে সোমালিয়ায় আল-কায়েদার অবস্থান অনেকগুণে "শক্তিশালী হয়েছে, আরও বিস্তৃত হয়েছে এবং আরও সাহসী হয়ে উঠেছে"।

সম্প্রতি ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্রের আফ্রিকা কমান্ডের কমান্ডার জেনারেল স্টিফেন টাউনসেন্ড, স্টুটগার্টে কমান্ডের সদর দফতরে সাংবাদিকদের সাথে একটি বৈঠক করে। এসময় সে দাবি করে যে, সোমালিয়া থেকে মার্কিন সেনা প্রত্যাহারের সিদ্ধান্তের পর, আশ-শাবাব দেশের রাজনৈতিক পরিস্থিতির সুযোগ নিয়ে পুনর্গঠিত হয়েছে, উন্নতি করেছে। হর্ন অফ আফ্রিকা অঞ্চলে এর কার্যক্ষম ক্ষমতা বাড়িয়েছে। আফ্রিকান রাষ্ট্রগুলোর সম্মিলিত জোটের কিছু উন্নত ঘাঁটি দখল করেছে। যার ফলে যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন সম্প্রতি দেশে ফেরত সেনাদেরকে পুনরায় সোমালিয়ায় পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। আমেরিকান কর্মকর্তারা বলছে যে, এই সিদ্ধান্ত সোমালিয়ায় স্থায়ী উপস্থিতি বজায় রেখে ক্রমবর্ধমান কথিত "সন্ত্রাসী" হুমকি কমানোর একটি পদক্ষেপ।

এই সিদ্ধান্তের পরিধির মধ্যে, মার্কিন যুক্তরাষ্ট্র সোমালিয়ার বর্তমান পরিস্থিতি পাল্টাতে প্রায় ৫০০ সেনা পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে।

আশ-শাবাবের সামরিক সক্ষমতা বেড়েছে:

মার্কিন সামরিক কর্মকর্তারা মনে করেন, ট্রাম্প যুগে সোমালিয়ায় যে শূন্যতা তৈরি হয়েছে, তার কারণে জটিল সব হামলা চালানোর সক্ষমতা কয়েকগুণে বেড়েছে আশ-শাবাবের। তাঁরা পূর্বের চাইতে আরও শক্তিশালী ও সুসংগঠিত। এটি অনুমান করা হয় যে, চলতি বছরের মে মাসে শুরু হওয়া তীব্র সংঘর্ষে আশ-শাবাবের হামলায় জাতিসংঘের কথিত "শান্তিরক্ষী" বাহিনীর অন্তত ৩০ সৈন্য মারা গিয়েছে। একই মাসে রাজধানী মোগাদিশু থেকে মাত্র ১৫০ কিলোমিটার দূরে আফ্রিকান ইউনিয়নের ফরোয়ার্ড অপারেশন বেস আশ-শাবাব বিজয় করেছিল। এই মাসেই দেশটিতে অনুষ্ঠিত হয় নতুন সরকার নির্বাচন। যখন নির্বাচনের নির্ধারিত দিন ঘনিয়ে আসতে থাকে তখন আশ-শাবাব তাদের আক্রমণও জোরদার করে। এরই প্রেক্ষিতে রাজধানীর বিমানবন্দরের কাছে শহিদী হামলা চালান হারাকাতুশ শাবাব মুজাহিদিন। যাতে বহু সংখ্যক গাদ্দার সৈন্য নিহত হলেও সরকার মাত্র চারজন নিহত ও সাতজন আহত হওয়ার কথা স্বীকার করে।

মার্কিন জেনারেল টাউনসেন্ড, ফরেন পলিসি এবং স্টুটগার্টে আফ্রিকান কমান্ডের কেলি ব্যারাকের আরেক সাংবাদিকের সাথে একটি সাক্ষাতকারে বলেছে,"সোমালিয়া থেকে বেরিয়ে আসার সাথে সাথে আমরা যে পুনঃনিয়োগ কার্যক্রম শুরু করেছি তা শেষ করার পর থেকে গত ১৬ মাসে, আশ-শাবাব আরও শক্তিশালী, বিস্তৃত এবং আরও সাহসী হয়ে উঠেছে। সাম্প্রতিক মাসগুলোতে আমরা দেখেছি যে, আমি সেখানে অবস্থান নেওয়ার তিন বছরে গ্রুপটি যেসব হামলা চালাতে সক্ষম হয়নি, এখন তার চাইতেই আরও কঠিন সব অপারেশন পরিচালনা করছে।"

মার্কিন সেনা প্রত্যাহার পরিস্থিতিকে প্রভাবিত করেছে:

বিশ্লেষকরা মনে করেন, সোমালিয়ার যুদ্ধের ময়দান থেকে মার্কিন সৈন্যদের প্রত্যাহার সোমালিয় গোলাম সৈন্যদের গভীরভাবে প্রভাবিত করেছে। ফলে সৈন্যরা আশ-শাবাবের বিরুদ্ধে অপারেশন চালানো তো দূরের কথা তারা প্রতিরোধও গড়ে তুলতে পারেনি। এতে করে একের পর এক শহর ও ঘাঁটি হারিয়েছে সোমালি গাদ্দার সরকার। যদিও এই সময়ে আফ্রিকান ইউনিয়নের সৈন্যরা গাদ্দার সোমালিয় সৈন্যদের সাহায্য করেছিল, কিন্তু তা আশ-শাবাবকে প্রতিহত করতে যথেষ্ট নয়। বরং এই সময়েই আফ্রিকান ইউনিয়ন তাদের গুরুত্বপূর্ণ কয়েকটি ঘাঁটি আশ-শাবাবের হাতে ছেড়ে পালাতে বাধ্য হয়। কিছু কিছু স্থানে তো আশ-শাবাব কোন যুদ্ধ ছাড়াই সামরিক ঘাঁটি ও এলাকার নিয়ন্ত্রণ নিয়েছে।

এবিষয়ে টাউনসেন্ড অস্বীকার করেছে যে, সোমালিয় সামরিক বাহিনী "আগের চেয়ে দুর্বল"। কিন্তু সে এটা স্বীকার করতে বাধ্য হয়েছে যে, প্রশিক্ষণ ও মনোবলের জন্য সোমালি সৈন্যদের অংশীদারদের প্রয়োজন, যার ফলে তারা ময়দানে কাজ করতে পারবে।

জেনারেল টাউনসেন্ড আরও স্বীকার করে যে, "সোমালিয় সেনারা মোটেও অগ্রসর হয়নি। তাদের এগিয়ে যাওয়ার জন্য সহযোগীদের প্রয়োজন'।

২০২০ সালের জানুয়ারিতে কেনিয়ার 'মান্দি বে' মার্কিন সামরিক বিমানবন্দরে বড় আকারের অভিযান চালান আশ-শাবাব মুজাহিদিন। এর এক বছর পরে সোমালিয়া থেকে আমেরিকান সৈন্যরা দেশ ছেড়ে পালায়। আঞ্চলিক রিপোর্ট অনুযায়ী, ট্রাম্পের নির্দেশে সোমালিয়া থেকে সেনা প্রত্যাহার করার পর আশ-শাবাবের আক্রমণ প্রায় ৩০% বৃদ্ধি পেয়েছে।

টাউনসেন্ড নিজের এই পরাজয় ঢাকতে গিয়ে দাবি করে যে, আশ-শাবাবের ক্রমবর্ধমান এই হামলা সত্ত্বেও তারা সোমালিয়ায় নির্বাচন রোধ করতে পারেনি। অথচ সে এটা একেবারেই এড়িয়ে গিয়েছে যে, আশ-শাবাবের হাত থেকে বাঁচতে সরকারি এই নির্বাচন সংঘটিত হয়েছে একটি সামরিক ঘাঁটির ভিতরে কড়া পাহাড়ার মধ্য দিয়ে। যেখানে ১ কোটি ৬৩ লাখ জনসংখ্যার দেশটির মাত্র কয়েক হাজার লোক এতে অংগ্রহন করেছে। তারপরও মার্কিন এই জেনারেল দাবি করছে আশ-শাবাব নির্বাচন রোধ করতে পারেনি!

আল-কায়েদার সক্রিয় শাখাগুলোর মধ্যে আশ-শাবাব বৃহত্তম:

আশ-শাবাব পূর্ব আফ্রিকা ভিত্তিক আল-কায়েদা সংশ্লিষ্ট একটি ইসলামি প্রতিরোধ বাহিনী। মার্কিন জেনারেল টাউনসেন্ডের মতে "আল কায়েদার সক্রিয় শাখাগুলির মধ্যে আশ-শাবাব এখন বৃহত্তম, ধনী এবং সবচেয়ে মারাত্মক একটি সামরিক বাহিনী"। দলটি তাঁর নতুন ভিডিওগুলোতে আমেরিকার মাটিতে আক্রমণ করার ইচ্ছা প্রকাশ করে চলেছে। একইভাবে পশ্চিম আফ্রিকা ভিত্তিক 'জেএনআইএম'ও আমেরিকা ও ফ্রান্সকে হুমকি দিয়ে আসছে। অন্যদিকে পেন্টাগন মনে করে, এ ধরনের হামলা চালানোর সক্ষমতা এখনো আশ-শাবাবের হয়নি। তবে এটি নিশ্চিত যে, আশ-শাবাব হর্ন অফ আফ্রিকা অঞ্চলে যেকোনো বড়ধরণের অভিযান চালাতে সক্ষম। এর প্রমাণ তাঁরা ২০১৫ সালে কেনিয়ায় অভিযান শুরু করার মাধ্যমেই দিয়েছেন। যেখানে দেশটির সীমান্তবর্তী অনেক অঞ্চল ও জেলা নিয়ন্ত্রণ করছে আশ-শাবাব। দেশটিতে তাঁরা এমন সব বীরত্বপূর্ণ অপারেশনও পরিচালনা করছেন, যার এক একটিতে শত শত সেনা নিহত এবং আহত হয়েছে।

এদিকে মে মাসের শুরুতে আল-শাবাবের মিডিয়া থেকে প্রকাশিত একটি ভিডিওটিতে মার্কিন যুক্তরাষ্ট্রে একাকী হামলা আক্রমণ (Lone Wolf Attack) এবং সারা বিশ্বে আমেরিকান ও পশ্চিমাদের বিরুদ্ধে জিহাদের আহ্বান জানানো হয়েছে।

ধারণা করা হচ্ছে, অদূর ভবিষ্যতে আল-কায়েদা সংশ্লিষ্ট পশ্চিম আফ্রিকা ভিত্তিক শাখা জেএনআইএম ও পূর্ব আফ্রিকা ভিত্তিক শাখা আশ-শাবাব পশ্চিমা ও ইউরোপীয়দের জন্য বড় হুমকি হয়ে উঠবে। ইতিমধ্যে দল দুটি কুফ্ফার জোটগুলোকে হুমকি দেওয়ার পাশাপাশি নিজেদের সক্রিয় অঞ্চলগুলোতে পশ্চিমা ও ইউরোপীয় বিভিন্ন দখলদার কোম্পানি ও কর্মকর্তাদের লক্ষ্যবস্তু বানাতে শুরু করেছে।

প্রতিবেদক: ত্বহা আলী আদনান

তথ্য সূত্র:

১- انتخابات الصومال : حيث لا يصوت الشعب

https://tinyurl.com/5dy5y2nd

২- US AFRICOM Chief: Al-Shabaab gets ‘bigger, stronger and bolder’ https://tinyurl.com/yzk3yxsb

---

মহানবী মুহাম্মাদ (ﷺ)-কে নিয়ে ভারতীয় চ্যানেলে কটূক্তি করলো বিজেপি মুখপাত্র

ইসলামবিরোধী ভারতের হিন্দুত্ববাদী ক্ষমতাসীন দল 'বিজেপির' মুখপাত্র নুপুর বি শর্মা একটি টেলিভিশন প্রোগ্রামে ইসলাম ধর্ম এবং প্রিয়নবী মুহাম্মদ ﷺ কে নিয়ে কটূক্তি করেছে। এই ঘটনা কথিত ধর্মনিরপেক্ষ রাষ্ট্র ভারতে হিন্দুত্ববাদের উগ্র উত্থান ও ইসলাম বিদ্বেষ প্রচারে রাষ্ট্রীয় সংশ্লিষ্টতার বিষয়টি আবারও স্পষ্ট করে দিয়েছে।

বৃহস্পতিবার ভারতীয় টিভি চ্যানেল 'টাইমসনাউ' এর এক শোর আলোচনায় উঠে আসে ঐতিহাসিক জ্ঞানভাপি মসজিদ। মসজিদটি ভেঙে হিন্দুদের জন্য একটি মন্দির তৈরির পরিকল্পনা হাতে নিয়েছে ভারতীয় হিন্দুত্ববাদী প্রশাসন। অথচ ভারতের উত্তর প্রদেশে মুসলমানদের তিনটি ঐতিহাসিক মসজিদের মধ্যে একটি হিসাবে পরিচিত এটি। মসজিদটির রয়েছে চার শতাব্দীর দীর্ঘ এক ইতিহাস। এই মসজিদ নিয়ে কথা বলতে গিয়ে উগ্র হিন্দুত্ববাদী ভারতের ক্ষমতাসীন সন্ত্রাসী দল বিজেপি মুখপাত্র 'নুপুর বি শর্মা' মুসলমানদের অযু এবং হজ নিয়ে উপহাস করে। এই উগ্র হিন্দুত্ববাদী দলের মুখপাত্র এখানেই থেমে থাকেনি, বরং সে মুসলমানদের প্রাণের স্পন্দন প্রিয়নবী মুহাম্মাদ ﷺ এর মিরাজ নিয়ে ঠাট্টা এবং সর্বশ্রেষ্ঠ এই মানবকে নিয়ে প্রকাশ্যে অপমানজনক মন্তব্য করেছে।

এই ঘটনার পর ভারতের নবীপ্রেমী মুসলিমরা শর্মার এই ধরনের উগ্র ও বিদ্বেষমূলক বক্তব্যের তীব্র প্রতিবাদ জানান। মুসলিমদের প্রতিবাদের পর দেশটির সুন্নি সংগঠন 'রাজা একাডেমি' শর্মার বিরুদ্ধে আদালতে একটি অভিযোগ দায়ের করে।

ভারতের কসাইখ্যাত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিজেও উগ্র হিন্দুত্ববাদী বক্তব্য এবং মুসলিমবিদ্বেষী ভাষা ব্যবহার করে আসছে। এমনকি সে একবিংশ শতাব্দীর শুরুর দিকে গুজরাটে মুসলিমদের বিরুদ্ধে গণহত্যায় নেতৃত্বও দিয়েছে। আজ সে ভারতের প্রধানমন্ত্রীর পদে আসীন হয়ে সমগ্র ভারতজুড়ে রাষ্ট্রীয় সাহায্য-সহযোগিতায় প্রকাশ্যে ইসলাম ও মুসলিমদেরকে আক্রমণ করার সুযোগ করে দিয়েছে।

অথচ মুসলিম অধ্যুষিত দেশগুলোর প্রশাসন, মিডিয়া ও কথিত বুদ্ধিজীবীরা ভারতে ক্রমবর্ধমান এই ইসলামবিদ্বেষ নিয়ে কোনো প্রতিক্রিয়া দেখায়নি। ভারতীয় প্রশাসনের বিরুদ্ধে একটি বারও নিন্দা জ্ঞাপনের মতো ব্যবস্থাও নেয়নি।

তথ্যসূত্র:

1|BJP’s Nupur Sharma booked for derogatory comments about Prophet Mohammad https://tinyurl.com/tx8jn4xc

2। pic.twitter.com/t1twgLnYwn

মালিতে জাতিসংঘের সামরিক কনভয়ে আল-কায়েদার হামলা: ১৪ সেনা হতাহত

পশ্চিম আফ্রিকার দেশ মালিতে জাতিসংঘের নীল হেলমেটধারী দখলদার সেনাদের ২টি কাফেলায় অতর্কিত হামলার ঘটনা ঘটেছে। এতে অন্তত ১৪ সেনা হতাহত হয়েছে বলে জানা গেছে।

আঞ্চলিক সংবাদ সূত্র মতে, গত ২৮ মে শনিবার সকালে, মালির দক্ষিণ-পশ্চিমাঞ্চলিয় আজলাহোক শহর অতিক্রম করছিল দখলদার জাতিসংঘের লজিস্টিক একটি সামরিক কনভয়। যা রাস্তার ধারে পুঁতে রাখা একটি বিস্ফোরক ডিভাইস অতিক্রম করার সময় বিস্ফোরণের কবলে পড়ে। এতে একটি সাঁজোয়া যান সম্পূর্ণভাবে ধ্বংস হয়ে যায়। সেই সাথে বিস্ফোরণের ঘটনায় জাতিসংঘের নীল হেলমেদধারী দখলদার বাহিনীর ৯ সেনা আহত হয়। পরে যাদেরকে চিকিৎসার জন্য কাছের একটি সামরিক চিকিৎসা কেন্দ্রে সরিয়ে নেওয়া হয়।

এই হামলার ঘটনার একদিন আগে, অর্থাৎ ২৭ মে শুক্রবার সন্ধ্যায়, দেশটির তিম্বকটু রাজ্যের টোঙ্কা-গুন্ডাম এলাকায় জাতিসংঘের নীল হেলমেটধারি আরও একটি সামরিক কনভয় হামলার শিকার হয়। এখানেও সামরিক কনভয় টার্গেট করে একটি বোমা বিস্ফোরণ ঘটানো হয়। এরমধ্যমে সাঁজোয়া যানটি উড়িয়ে দেওয়া হয়। ফলশ্রুতিতে ঐদিন জাতিসংঘের আরও ৫ সৈন্য হতাহত হয়।

স্থানীয় গণমাধ্যম সূত্র মতে, বৈশ্বিক ইসলামি প্রতিরোধ বাহিনী আল-কায়েদা সংশ্লিষ্ট 'জেএনআইএম' এর বীর যোদ্ধারা এই হামলাগুলো চালিয়েছেন। যারা এই অঞ্চলগুলিতে দিন দিন শক্তিশালী হয়ে উঠছেন।

২৯শে মে, ২০২২

আশ-শাবাব 'বৃহত্তর, শক্তিশালী এবং সাহসী' হয়ে উঠেছে: আমেরিকা

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় প্রায় দুই দশক ধরে দখলদার বাহিনীর বিরুদ্ধে প্রতিরোধ যুদ্ধ চালিয়ে আসছে আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী হারাকাতুশ আশ-শাবাব। বর্তমানে প্রতিরোধ বাহিনীটি রাজধানী মোগাদিশু শত্রু মুক্ত করার দ্বারপ্রান্তে এসে পৌঁছেছে। যা পশ্চিমা শক্তির উদ্বেগের কারণ হয়ে দাড়িয়েছে।

যার ফলশ্রুতিতে গত ২০২০ সালের শেষের দিকে, তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আশ-শাবাবের হাত থেকে নিজ দেশের সৈন্যদের বাঁচাতে সোমালিয়া থেকে সেনা প্রত্যাহার করে। এদিকে ট্রাম্পের এমন সিদ্ধান্তকে আশ-শাবাবের বিজয় এবং আমেরিকার পরাজয় হিসেবেই দেখতে চান, বিশ্লেষক মহল।

সম্প্রতি (বুধবার) আফ্রিকায় ক্রুসেডার মার্কিন দখলদার কমান্ডো বাহিনীর কমান্ডার 'স্টিফেন টাউনসেন্ড' দাবি করে বলেন, সোমালিয়া থেকে মার্কিন সেনা প্রত্যাহারের ফলে বর্তমানে আশ-শাবাব "বৃহত্তর, শক্তিশালী এবং সাহসী" হয়ে উঠেছে।

তরে মতে, প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব পূর্ব আফ্রিকার দেশগুলোর ক্ষমতা লোভী নেতাদের ক্ষমতার লড়াই এবং রাজনৈতিক কর্মহীনতার পরিপূর্ণ সুযোগ নিচ্ছে।

যার ফলে পূর্ব আফ্রিকার অঞ্চলগুলোতে বড়ধরণের হামলা চালাতে সক্ষম হচ্ছে আশ-শাবাব। সেই সাথে আফ্রিকান ইউনিয়নের ঘাঁটি গুলিও দখল নিতে সক্ষম হচ্ছেন তাঁরা।

মার্কিন কমান্ডার জানায়, গত ১৬ মাসে আশ-শাবাব আরও বড়, শক্তিশালী এবং সাহসী হয়ে উঠেছে। ফলে আমরা সোমালিয়ায় পুনঃপ্রতিষ্ঠার সিদ্ধান্ত নিয়েছি। কেননা আমরা সাম্প্রতিক মাসগুলিতে আশ-শাবাবকে এমন সব আক্রমণ পরিচালনা করতে দেখেছি, যা আমি এখানে থাকা অবস্থায় গত তিন বছরে দেখিনি।

চলতি বছরের মে মাসের প্রথম দিকে, আশ-শাবাব রাজধানী মোগাদিশু থেকে প্রায় ১৬০ কিলোমিটার উত্তরে শাবেলি রাজ্যের এল-বারাফ শহরে এমনই একটি হামলা চালিয়েছে। যা আফ্রিকান ইউনিয়ন সেনাদের একটি সামরিক ঘাঁটি লক্ষ্য করে চালানো হয়েছিল। আশ-শাবাব সূত্র প্রাথমিক রিপোর্টে এই হামলায় ১৭৩ দখলদার সৈন্যকে হত্যা করার দাবি করেছে। এরপর তাঁরা বুরুন্ডিয়ান সৈন্যদের মৃতদেহ এবং জব্দ করা সামরিক যানবাহনের ছবি প্রকাশ করেছে।

আশ-শাবাবের বিরুদ্ধে চলমান এই যুদ্ধে সোমালি সরকারী বাহিনীর অক্ষমতার বিষয়ে কথা বলতে গিয়ে, আফ্রিকায় নিয়োজিত মার্কিন সামরিক বাহিনীর শীর্ষ জেনারেল বলেছে "সোমালি সেনারা আশ-শাবাবের বিরুদ্ধে চলমান যুদ্ধে এগিয়ে যাওয়ার সাহস করছে না"। এখন এই যুদ্ধে তাদের এগিয়ে যাওয়ার জন্য তাদের অংশীদারিত্ব প্রয়োজন"।

২৮শে মে, ২০২২

সোমালিয়ায় আশ-শাবাবের হামলায় কমান্ডার সহ ১৫ গাদ্দার সেনা হতাহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় পশ্চিমাদের গোলাম সোমালি সামরিক বাহিনীর উপর অর্ধডজন হামলা চালিয়েছে আশ শাবাব মুজাহিদিন। যার ৪ টিতেই ১৫ এর বেশি সৈন্য নিহত ও আহত হয়েছে।

আঞ্চলিক সংবাদ সূত্রগুলো নিশ্চিত করেছে যে, আজ ২৮ মে শনিবার দ্বিপ্রহরের কিছুক্ষণ পর, শাবেলি সুফলা রাজ্যে একটি বোমা বিস্ফোরণের ঘটনা ঘটেছে। যেটি সোমালি প্রশাসনের একটি সামরিক ইউনিটকে টার্গেট করে চালানো হয়। এতে ঘটনাস্থলেই ৭ সেনা সদস্য নিহত হয়। এবং অপর এক সেনা গুরুতর আহত হয়।

এদিন সন্ধায় শাবেলি রাজ্যের অপর একটি শহরে এক সামরিক কাফেলায় অতর্কিত হামলা চালান মুজাহিদগণ। এতে দুই গোলাম সেনা নিহত হয় এবং অন্যরা আহত অবস্থায় পালিয়ে যায়। অন্য একটি শহরে এদিন ২টি বোমা বিস্ফোরণের ঘটনাও ঘটেছে। যাতে অন্তত আরও ২ সেনা সদস্য নিহত হয়েছে।

এমনিভাবে রাজধানী মোগাদিশুর নিকটবর্তী এলাকায় একটি গাড়ি লক্ষ্য করে বোমা হামলা চালানো হয়। এতে গাদ্দার সোমালিয় সামরিক বাহিনীর এক কমান্ডার সহ তার ২ দেহরক্ষী গুরুতর আহত হয়।

হামলাগুলো পর আল-কায়েদা সংশ্লিষ্ট সংবাদ মিডিয়া 'শাহাদাহ এজেন্সি' থেকে নিশ্চিত করা হয় যে, সোমালিয়ার জনপ্রিয় ইসলামি প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন কর্তৃক বরকতময় এই অভিযানগুলো চালানো হয়েছে।

আফ্রিকায় আল-কায়েদার হাতে দখলদার পশ্চিমা বন্দীদের সংখ্যা বাড়ছে!

সম্প্রতি, পশ্চিম আফ্রিকায় ইসলামি প্রতিরোধ যোদ্ধাদের হাতে অন্তত ৫ পশ্চিমা দখলদারকে বন্দী হয়েছে। আঞ্চলিক সূত্রে বলা হয়েছে, গত দুই মাসে পাঁচ পশ্চিমা নাগরিককে বন্দী করেছেন আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। যাদের মধ্যে তিনজন ইতালীয়, একজন পোলিশ এবং একজন আমেরিকান। সূত্রটি জানায় যে, ইতালীয় নাগরিকদের সাথে এক টোগোলিজ নাগরিককেও এই অঞ্চলে বন্দী করা হয়েছে।

- গত এপ্রিলের শুরুতে বুরকিনা ফাঁসোতে আমেরিকান ধর্মপ্রচারক সুয়েলেন টেনিসন'কে বন্দী করে হয়। তাঁর অপরাধ হচ্ছে ধর্ম প্রচারের আড়ালে পশ্চিমাদের হয়ে তথ্য পাচার করা এবং সাধারণ মানুষকে ভুল ও মিথ্যা বলে ধর্মান্তরিত করা।

- একই মাসের (এপ্রিল) শেষের দিকে বুরকিনা ফাঁসোতে এক পোলিশ নাগরিককেও বন্দী করা হয়। সে সেবা সংস্থার আড়ালে তথ্য পাচার করত। এছাড়াও সেবার সুযোগ নিয়ে মানুষের অন্তরে ইসলাম বিদ্বেষ তৈরি করত।

- এমনিভাবে গত ২০ মে দক্ষিণ মালির সিকাসো অঞ্চলে ৩ ইতালীয় এবং এক টোগোলিজকে আটক করা হয়। তবে তাদের বন্দী করার কারণ সম্পর্কে এখনো স্পষ্ট কিছু জানা যায় নি। ধারণা করা হচ্ছে, তারাও এধরণের শাস্তিযোগ্য অপরাধের সাথে জড়িত।

এদিকে গত এপ্রিলের শুরুতে এক ভারতীয় চিকিৎসককেও এই এলাকায় আটক করেন মুজাহিদগণ। তবে বন্দী করার কিছুদিন পরেই কোন বিনিময় ছাড়াই তাকে সুস্থ অবস্থায় ছেড়ে দেওয়া হয়।

আঞ্চলিক সূত্রগুলো উল্লেখ করেছে যে, আল-কায়েদা পশ্চিম আফ্রিকার সহযোগী জামা'আত নুসরাতুল-ইসলাম ওয়াল মুসলিম দ্বারা আটককৃত পশ্চিমাদের সংখ্যা বর্তমানে দেড় শতাধিক। যাদের মধ্যে কয়েকজন হচ্ছে- রোমানিয়ান ইউলিয়ান ঘেরগুট, অস্ট্রেলিয়ান কেন এলিয়ট, আমেরিকান জেফরি উডকে, জার্মান জর্গ ল্যাঞ্জ।

উল্লেখ্য যে, আল-কায়েদার সাথে সম্পৃক্ত প্রতিরোধ যোদ্ধারা এই অঞ্চলে পশ্চিমাদের দালাল বন্দীদের বিনিময়ে নিজ সহযোদ্ধাদের মুক্ত করে থাকেন। সেই সাথে প্রচুর পরিমানে মুক্তিপণও আদায় করেন তাঁরা।

জ্ঞানবাপী মসজিদ নিয়ে হিন্দুদের সমালোচনা করায় গ্রেপ্তার কাশ্মীরি মুসলিম সমাজকর্মী।

টুইটারে জ্ঞানবাপী মসজিদে শিবলিঙ্গ পাওয়া নিয়ে হিন্দুদের অযৌক্তিক দাবির বিরুদ্ধে যৌক্তিক জবাব দেওয়ায় জম্মু ও কাশ্মীরের প্রখ্যাত সমাজকর্মী ওয়াকার হুসেন ভাট্টিকে গ্রেপ্তার করেছে হিন্দুত্ববাদী পুলিশ। সামাজিক যোগাযোগ মাধ্যম টুইটারে ওয়াকারের সেই পোস্টটি দেখার পর বেশ কয়েকজন হিন্দুত্ববাদী, জম্মু ও কাশ্মীর পুলিশকে ট্যাগ করে তাঁকে গ্রেপ্তার করার আবেদন জানায়।

কিছুদিন পূর্বে হিন্দুত্ববাদীরা দাবি তোলে যে তারা নাকি উত্তর প্রদেশের জ্ঞানবাপী মসজিদে 'শিবলিঙ্গ' পেয়েছে। এই অজুহাতে হিন্দুত্ববাদীরা চায় জ্ঞানবাপী মসজিদটিকে মন্দির বানাতে। হিন্দুত্ববাদীরা মসজিদের যেই অংশটিকে কথিত 'শিবলিঙ্গ' বলে দাবি করছে সেটি মূলত অজুখানায় অবস্থিত পাথরের একটি স্তম্ভ। ওয়াকার সেই স্তম্ভের ছবিটি টুইটারে পোস্ট করে বলেন যে- "গোবর ভক্তরা যেটাকে শিবলিঙ্গ বলে দাবি করছে সেরকম অনেক পাথরের স্তম্ভ আমার এলাকাতেও আছে"। ওয়াকারের এই যুক্তিটিই হিন্দুত্ববাদীদের "অনুভূতিতে" আঘাত করে। এবং তারা জম্মু ও কাশ্মীর পুলিশকে আবেদন করে ওয়াকারকে গ্রেপ্তার করার জন্য।

ওয়াকার নিয়মিতভাবে ভারতীয় মিডিয়ার টক-শো গুলোতে জম্মু ও কাশ্মীর সম্পর্কিত বিভিন্ন বিতর্কে অংশ নেন। কাশ্মীরি মুসলিম বিরোধী প্রচারণার বিরোধিতায় তিনি সবসময় সোচ্চার।

উল্লেখ্য যে, হিন্দুত্ববাদীরা মুসলিমদের এবং ইসলামের বিভিন্ন বিষয় নিয়ে প্রকাশ্যেই কটাক্ষ করে থাকে। প্রতিনিয়ত মুসলিমদের ধর্মীয় অনুভূতিতে আঘাত করতে থাকে। এমনকি উগ্র বিজেপি নেতারা প্রকাশ্যে মুসলিম নারীদেরকে ধর্ষণেরও হুমকি দিয়ে থাকে। কিন্তু এরপরও কখনও তাদেরকে গ্রেপ্তার হতে হয় না। অথচ হিন্দুদের মিথ্যা দাবির বিরুদ্ধে কথা বললেই গ্রেপ্তার হতে হয় মুসলিমদের।

বিশ্লেষকরা অবশ্য বলছেন যে, এমন ধর্মান্ধ একটি জাতির কাছ থেকে মানবতার আশা করাই বৃথা। তাই মুসলিম সম্প্রদায়ের উচিত সকল প্রকার বিদ্বেষ, মতভেদ, দলবল ভুলে গিয়ে ঐক্য স্থাপন করা এবং ধর্মান্ধ এই রাষ্ট্রের নির্যাতিত মুসলিম সম্প্রদায়কে সাহায্য করতে এগিয়ে আসা।

তথ্যসূত্রঃ

Jammu & Kashmir: 'Activist' Waqar Bhatti arrested for derogatory remarks against Hindus over Gyanvapi Shivling- https://tinyurl.com/36xwbxkc

---

২৭শে মে, ২০২২

স্বাধীনতাকামী সংগঠন জেকেএলএফ-এর নেতা ইয়াসিন মালিকের যাবজ্জীবন কারাদণ্ড

স্বাধীনতাকামী সংগঠন জম্মু কাশ্মীর লিবারেশন ফ্রন্টের (জেকেএলএফ) নেতা ইয়াসিন মালিককে ভারতীয় বাহিনীর আগ্রাসনের বিরুদ্ধে অর্থায়ন করার অভিযোগে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে হিন্দুত্ববাদী আদালত।

জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) অভিযোগ করেছে যে মালিক সহ অন্যান্য স্বাধীনতাকামী নেতারা হিন্দুত্ববাদী ভারতীয় বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ চালানোর জন্য একটি বৃহত্তর ষড়যন্ত্র করেছিলেন। যার কারণে মালিকের বিরুদ্ধে হিন্দুত্ববাদীদের রচিত আইনের বিভিন্ন ধারায় মামলা করেছে জাতীয় তদন্তকারী সংস্থা।

মালিককে আদালতে নেওয়ার পর তিনি সরাসরি বলেন- "আমি কোনও কিছুর জন্য ভিক্ষা করবো না। এর (মামলার) ব্যাপারে সিদ্ধান্ত নেওয়াটা আমি আদালতের উপর ছেড়ে দিয়েছি"।

বিশ্লেষকরা মনে করছেন, ইয়াসিন মালিকের প্রতি হিন্দুত্ববাদী ভারত যে অবিচার করেছে তাতে স্বাধীনতাকামীরা একটুও দমবে না। বরং তাঁরা দখলদার ভারতীয় বাহিনীকে আরও শক্ত ভাবে এর জবাব দিবেন।

উল্লেখ্য যে, কাশ্মীর একটি স্বাধীন দেশ। কিন্তু হিন্দুত্ববাদী ভারতীয় বাহিনী বিগত ৭৫ বছর ধরে জোর করে কাশ্মীরকে দখল করে রেখেছে। তারা কাশ্মীরী মুসলিমদের সকল প্রকার মৌলিক চাহিদা থেকে বঞ্চিত করা সহ বিভিন্ন প্রকার যুদ্ধাপরাধ করে আসছে। যার মধ্যে রয়েছে খুন, গুম, ধর্ষণ, অঙ্গ অপসারণ ব্যবসা, বিচার বহির্ভূত হত্যা, বিচারহীন আটক ইত্যাদি।

তথ্যসূত্রঃ JKLF's Yasin Malik gets life imprisonment in terror funding case- https://tinyurl.com/4syhh7rn

---

হেলিকপ্টার থেকে বুরকিনা সেনাদের উপর আল-কায়েদার হামলায় ৯ সেনা নিহত, বিপুল গনিমত লাভ

পশ্চিম আফ্রিকার দেশ বুরকিনা ফাসোতে দেশটির সেনাবাহিনীর বিরুদ্ধে প্রথমবারের মতো হেলিকপ্টার থেকে হামলা চালিয়েছে ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। যা প্রতিরোধ যোদ্ধাদের ইতিহাসে বিরল ঘটনা।

বিবরণ অনুযায়ী, গত ১৯ মে বুরকিনা ফাসোর মাদজোয়ারিতে, দেশটির মুরতাদ সামরিক বাহিনীর উপর হামলা চালিয়েছে আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী 'জেএনআইএম'। তবে সবাইকে অবাক করে দিয়ে সেদিন যুদ্ধের ময়দানে প্রথমবারের মতো হেলিকপ্টার থেকে হামলা করতে দেখা যায় প্রতিরোধ যোদ্ধাদের।

স্থানীয় গণমাধ্যম সূত্রে জানা যায়, স্থল পথে ভারী অস্ত্রের ব্যবহার ছাড়াও মুজাহিদগণ সেদিন হেলিকপ্টার থেকে গুলি ও বোমা হামলার পাশাপাশি রকেট হামলাও চালান। এতে সেনবাহিনীর ২টি গাড়ি এবং ১টি সাঁজোয়া যান ধ্বংস হয়। আফ্রিকায় মুজাহিদদের এই ধরনের হামলা একেবারেই বিরল!

আল-কায়েদা সংশ্লিষ্ট প্রতিরোধ যোদ্ধাদের স্থল ও আকাশ পথের একযোগে পরিচালিত এই অভিযানে বুরকিনান সামরিক বাহিনীর অন্তত ৯ সৈন্য নিহত হয়েছে। বাকি সৈন্যরা আহত অবস্থায় যুদ্ধের ময়দান ছেড়ে পালিয়েছে। একই সাথে মুজাহিদগণ সেনাদের পলায়নের পর ঘটনাস্থল থেকে ৫টি গাড়ি, ১টি সাঁজোয়া যান, ২টি DSshK, ৪টি PK, ১টি RPG, ২৩টি AKs, ১৬৬টি AK mags, ২টি mortarkmo, ২৮ টি গোলাবারুদ ভর্তি বাক্স, ১৬টি Pk বারুদ বেল্ট গনিমত পেয়েছেন। এছাড়াও প্রচুর (৩০,০০০,০০০ cfa) নগদ অর্থ পেয়েছেন আলহামদুলিল্লাহ্।

বিশ্লেষকরা মনে করেন, আল-কায়েদার জন্য বুরকিনা ফাসোতে এটি অনেক বড় একটি বিজয়। কেননা এরমাধ্যমে আল-কায়েদা একদিকে যেমন নিজের সক্ষমতার প্রামাণ দিয়েছে, তেমনিভাবে শত্রুদের অন্তরে ভীতি ঢুকিয়ে দিয়েছে। কারণ তাঁরাযেনো এই অভিযানের মাধ্যমে এই বার্তাই দিয়েছেন, সামনের যুদ্ধগুলোতে আল-কায়েদা স্থল পথের অভিযানের পাশাপাশি আকাশ পথেও অভিযান চালাবে।

উল্লেখ্য যে, ২০১২ সালের শেষ দিকে আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ যোদ্ধারা মালির রাজধানী বামাকোর একেবারেই নিকটে চলে আসেন, এবং রাজধানীকে প্রায় অবরোধ করে ফলেন। আর তখনই প্রথমবার মালিতে কিছু সময়ের জন্য সামরিক বিমান ঘাঁটির নিয়ন্ত্রণ নেন মুজাহিদগণ। তখন এসব ঘাঁটি থেকে হেলিকপ্টার উড্ডয়ন করলেও, তা দিয়ে হামলা চালানোর ঘটনা ঘটেনি।

কাশ্মীরে ইয়াসিন মালিকের অন্যায় সাজার প্রতিবাদে বিক্ষোভ: ইউএপিএর অধীনে ১০ মুসলিমকে গ্রেপ্তার করল হিন্দুত্ববাদী প্রশাসন

জম্মু ও কাশ্মীরের ইয়াসিন মালিককে এনআইএ আদালতের সাজা দেওয়ার বিরুদ্ধে প্রতিবাদ করার পরে বৃহস্পতিবার কঠোর বেআইনি (ক্রিয়াকলাপ) প্রতিরোধ আইনের অধীনে দশজনকে গ্রেপ্তার করে হিন্দুত্ববাদী প্রশাসন।

বুধবার মালিকের বাড়ির বাইরে "দেশবিরোধী" স্লোগান দেওয়ার এবং পাথর নিক্ষেপ করার ঠুনকো অভিযোগে তাদের গ্রেপ্তার করে।

একটি বিশেষ ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি (এনআইএ) আদালত এখন নিষিদ্ধ জম্মু ও কাশ্মীর লিবারেশন ফ্রন্ট (জেকেএলএফ) প্রধান ইয়াসিন মালিককে " 'জঙ্গি' কার্যকলাপের জন্য অর্থায়ন" সংক্রান্ত একটি মনগড়া মামলায় যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে।

প্রধান শহর শ্রীনগর এবং মালিকের বাড়ি শহর মাইসুমা সহ উপত্যকার বেশ কয়েকটি এলাকায়, মালিকের বিরুদ্ধে সাজা ঘোষণার আগে মুসলিম দোকানদাররা প্রতিবাদ হিসেবে তাদের দোকানের শাটার নামিয়ে দেয়। অন্যায়ের প্রতিবাদ করায় বিক্ষোভকারীদের উপর হিন্দুত্ববাদী পুলিশ কাঁদানে গ্যাসের শেল নিক্ষেপ করে। এটাই হিন্দুত্ববাদী ভারতের আসল চিত্র। মুসলিমরা অন্যায়ে প্রতিবাদ করলেও জুলুমের শিকার হতে হয়। তাই হক্বপন্থী উলামায়ে কেরাম গণতান্ত্রিক পন্থায় প্রতিবাদ না করে নববী মানহাজ অনুসরণ করার আহ্বান জানিয়েছেন।

তথ্যসূত্র

1.Protests over Yasin Malik's sentencing: 10 arrested under UAPA in Kashmir https://tinyurl.com/ddh8a48m

---

লাদাখে সড়ক দুর্ঘটনায় ভারতীয় ৭ দখলদার সেনা নিহত, আহত ১৯

হিন্দুত্ববাদী ভারত কর্তৃক জবরদখলকৃত লাদাখে দেশটির আগ্রাসী সেনাদের একটি সামরিক যান সড়ক দুর্ঘটনার শিকার হয়েছে। এতে অন্তত ভারতীয় ৭ সেনা নিহত এবং আরও বেশ কিছু সেনা আহত হয়েছে।

একজন স্থানীয় ব্যক্তি সংবাদ সংস্থা-কাশ্মীর নিউজ অবজারভারকে (কেএনও) জানিয়েছেন যে, আজ ২৭ মে শুক্রবার সকালে, দখলদার ভারতীয় সামরিক বাহিনীর ২৬ সৈন্যের একটি দল পারতাপুরের ট্রানজিট ক্যাম্প থেকে সাব সেক্টরের সামনের দিকে যাচ্ছিল। এসময় সামরিক বাহিনীর যানটি রাস্তা থেকে ছিটকে পড়ে এবং শ্যাওক নদীতে পড়ে যায়। যার ফলে গাড়িতে থাকা সব দখলদার সৈন্য হতাহত হয়। "গাড়িটি প্রায় ৫০-৬০ ফুট গভীরে পড়েছিল"।

সূত্রটি হতাহতদের থেকে ৭ সৈন্যকে এখন পর্যন্ত মৃত ঘোষণা করেছে এবং বাকি আহতদের পার্টাপুরের ৪০৩-ফিল্ড হাসপাতালে সরিয়ে নেওয়া হয়েছে।

নারী অধিকার নিয়ে জাতিসংঘের উদ্বেগ ভিত্তিহীন: তালিবান সরকার

জাতিসংঘের কথিত নিরাপত্তা পরিষদের সাম্প্রতিক একটি প্রস্তাব প্রত্যাখ্যান করেছে ইমারাতে ইসলামিয়া আফগানিস্তান সরকার। যাতে নারীদের উপর কঠোর নিষেধাজ্ঞা তুলে নেওয়ার আহ্বান জানানো হয়।

আফগানিস্তানে নারী অধিকার লঙ্ঘনের বিষয়ে জাতিসংঘের এসব উদ্বেগকে ভিত্তিহীন এবং অবাস্তব বলে অভিহিত করেছে ইমারাতে ইসলামিয়া।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তান সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় আজ (শুক্রবার, ২৭ মে) জাতিসংঘের কথিত নিরাপত্তা পরিষদের মনগড়া অভিযোগের বিরুদ্ধে একটি যৌথ বিবৃতিতে প্রতিক্রিয়া জানিয়েছে। এই বিবৃতিতে সংস্থাটির দাবি প্রত্যাখ্যান করেছে আফগান সরকার।

জাতিসংঘের কথিত নিরাপত্তা পরিষদের সদস্যরা গত মঙ্গলবার যৌথ এক বিবৃতিতে, শিক্ষা, সরকারি কাজ এবং ভ্রমণে নারী ও মেয়েদের প্রবেশাধিকার সীমিত করায় ইমারাতে ইসলামিয়ার সমালোচনা করেছে। সেই সাথে উক্ত বিবৃতিতে যত তাড়াতাড়ি সম্ভব এসব বিষয়ে নতুন করে আইন প্রণয়নের জন্য ইমারাতে ইসলামিয়াকে আহ্বান জানিয়েছে। যেখানে জাতিসংঘ দাবি করেছে যে, তালিবান সরকার নারীদের মৌলিক অধিকার ও স্বাধীনতা সীমিত করেছে।

এ বিষয়ে ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, "আফগানিস্তানের জনগণের উপর ইসলামি সম্প্রদায়ের ধর্মীয় ও সাংস্কৃতিক বিশ্বাসের বিপরীত কোনো কিছু চাপিয়ে দেওয়া হয়নি।"

বিবৃতিতে ইমারাতে ইসলামিয়া জোর দিয়ে বলেছে যে, বিশ্বের দেশগুলোকে আফগানিস্তানের ধর্মীয় ও সাংস্কৃতিক মূল্যবোধকে সম্মান করতে হবে। এতে কারো নাক গলানো উচিত হবে না। কারণ এখানের ৯৯% মানুষই পূর্ব থেকে এসব ধর্মীয় নীতি মেনে চলতে অভ্যস্ত। কোন প্রকার বাধ্যবাধকতা ছাড়াই তারা মনে প্রাণে ধর্মীয় নীতিগুলো মেনে চলেন।

ইমারাতে ইসলামিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় আরও বলেছেন যে, কিছু নির্দিষ্ট মহলের পরিচালিত মিডিয়া এবং ইমারাতে ইসলামিয়া বিরোধী প্রচারণার পক্ষপাতদুষ্ট ও ধ্বংসাত্মক প্রতিবেদনের ভিত্তিতে জাতিসংঘের বিচার করা উচিত নয়।

বিবৃতিতে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের ব্যাংকিং ও আর্থিক ব্যবস্থা পুনরুজ্জীবিত করার এবং আফগান জনগণকে মানবিক সহায়তা প্রদানের সিদ্ধান্তকে স্বাগত জানানো হয়েছে। এতে ইমারাতে ইসলামিয়া আবারও যুক্তরাষ্ট্রের প্রতি আহ্বান জানিয়েছে, আফগানিস্তানের সম্পদ নিঃশর্তভাবে ছেড়ে দিতে এবং সকল অর্থনৈতিক নিষেধাজ্ঞা তুলে নিতে।

২৬শে মে, ২০২২

মালিতে আল-কায়েদার হামলায় ২ সেনা নিহত, মুজাহিদিন কর্তৃক প্রচুর গনিমত লাভ

আল-কায়েদা সংশ্লিষ্ট একটি ইসলামি প্রতিরোধ বাহিনী ঘোষণা করেছে যে, তাঁরা মালির সেগু রাজ্যে গাদ্দার মালিয়ান সেনাবাহিনীর উপর একটি আক্রমণ চালিয়েছেন। যাতে ২ সেনা সদস্য নিহত হয়েছে।

বিবরণ অনুযায়ী, গত ১৯/৫/২০২২ খ্রিস্টাব্দে, পশ্চিম আফ্রিকার দেশ মালির সেগু রাজ্যের তামানি গ্রামে অত্যাচারী শাসকদের ব্যারাকে আক্রমণ চালানো হয়েছে। যেখানে আল-কায়েদা সংশ্লিষ্ট প্রতিরোধ বাহিনী 'জেএনআইএম' যোদ্ধারা মাঝারি অস্ত্রের ও বোমা দ্বারা সামরিক ব্যারাকগুলোতে হামলা চালান। এতে সামরিক ব্যারাকগুলো ক্ষতিগ্রস্থ হয় এবং অনেক সৈন্য হতাহত হয়।

এদিকে জেএনআইএম তাদের সাপ্তাহিক পর্যালোচনাতে ঘোষণা করেছে যে, মুজাহিদগণ হামলার সময় একটি সাঁজোয়া যান ধ্বংস করেন এবং আরও দুটি গাড়ি পুড়িয়ে দিয়েছেন। এছাড়াও মুজাহিদগণ ২টি বাইক, ১টি গাড়ি, কয়েকটি ক্লাশিনকোভ ও অসংখ্য গুলাবারুদ গনিমত পেয়েছেন। পর্যালোচনায় এও যোগ করা হয়েছে যে, মুজাহিদদের সাথে লড়াই করতে গিয়ে নিহত হয়েছে অত্যাচারী ২ সেনা সদস্য। আহত হয়েছে আরও অনেক সৈন্য। আর বাকি সৈন্যরা পালিয়ে গিয়েছিল।

২৫শে মে, ২০২২

কথিত লাভ জিহাদের মনগড়া অভিযোগে মুসলিম ব্যক্তির বাড়িঘর-দোকানপাটে হিন্দুত্ববাদীদের হামলা

ভারতের মধ্যপ্রদেশের ডিন্ডোরি গ্রামে আসিফ খানের পরিবারের বাড়ি এবং দোকানে বুলডোজার দিয়ে ভাঙ্গচুর ও হামলা চালিয়েছে হিন্দুত্ববাদীরা। হামলার আগে হিন্দুত্ববাদীরা আসিফ খানের বাড়ি ও দোকানে হামলা চালানোর জন্য খোলামেলা আহ্বান জানিয়েছে।

ঘটনার সূত্রপাত গত ৫ই এপ্রিল। ২৪ বছর বয়সী আসিফ ২২ বছর বয়সী সাক্ষী সাহুর কাছ থেকে একটি ফোন কল পেয়ে তাকে জানায় যে তার বাবা-মা তাকে আসিফের কাছ থেকে দূরে রাখতে তাকে এক আত্মীয়ের বাড়িতে পাঠাচ্ছে। কারণ সে সত্য বুঝে ইসলাম গ্রহণ করতে পারে।

পরেই সুযোগ বুঝে মেয়েটি আসিফের কাছে আশ্রয় নেয়। এ খবর গ্রাম জুড়ে ছড়িয়ে পড়ে এবং আসিফের বিরুদ্ধে হিন্দুত্ববাদীরা বিক্ষোভ শুরু করে। হিন্দুত্ববাদীরা একে কথিত লাভ জিহাদের নাম দিয়েছে।

৫৭ বছর বয়সী আসিফের বাবা আব্দুল হালিম বলেছেন, "আমি আমার দোকানে ছিলাম তখন সাক্ষীর ভাই আমার কাছে এসে আমাকে বলে যে সাক্ষী আমার ছেলে আসিফের সাথে পালিয়ে গেছে।"

উভয়ে প্রাপ্ত বয়স্ক হওয়ার পরও হিন্দুত্ববাদী পুলিশ আসিফের ও তার আত্মীয়দের বাড়িতে অভিযান চালিয়েছে। আসিফের বিরুদ্ধে ৩৩৯ ধারায় এবং ৩৬০ ধারায় অন্যায়ভাবে মামলা দায়ের করেছে।

আসিফের বাবা আব্দুল হালিম আরো বলেছেন, "আমি তাদের দুজনের সাথে ফোনে কথা বলেছিলাম এবং তাদের সিদ্ধান্তের পরিণতি সম্পর্কে তাদের সতর্ক করার চেষ্টা করেছি। কিন্তু সাক্ষী বলেছে যে, তারা ফিরে আসছে না। এবং যদি আমরা তাদের বাধ্য করি, তাহলে সে আত্মহত্যা করবে বা ট্রেনের সামনে নিজেকে ছুঁড়ে ফেলবে।" তিনি আরো বলেন, একজন পুলিশ আধিকারিকও সাহুকে বোঝানোর চেষ্টা করেছিল, কিন্তু ব্যর্থ হয়।

কয়েকদিন আসিফের পিতা আব্দুল হালিম সাহেবকে পুলিশ আটকে রাখে। পরে বাড়িতে ফিরে আশেপাশে হিন্দুত্ববাদীদের তোড়জোড় দেখে বুঝতে পারেন যেকোন সময় তাঁদের উপর হামলা হবে। তাই ভয়ে পরিবারের লোকেরা পারিবারিক বাড়িটি ছেড়ে চলে যায়।

আব্দুল হালিম বলেন, “হঠাৎ করেই আমি জানতে পারলাম যে হিন্দুত্ববাদী কর্তৃপক্ষ আমার তৈরি করা বাড়িটি ধ্বংস করে দিয়েছে। তিনি আরও বলেন যে প্রায় ৭০০ পুলিশ সদস্য তার বাড়ি ঘেরাও করেছিল। ক্র্যাকডাউন আরোপ করে রেখেছিল। এমনকি ধ্বংস সম্পূর্ণ না হওয়া পর্যন্ত প্রতিবেশীদেরকেও তাদের বাড়ি থেকে বের হতে দেওয়া হয়নি। "আমি এই বাড়িটি করতে আমার কষ্টে উপার্জন করা প্রতিটি পয়সা দিয়েছিলাম।"

তাদের বাড়ির পাশাপাশি, ডিন্ডোরি জেলা হিন্দুত্ববাদী প্রশাসন একটি অনলাইন পরিষেবা কেন্দ্র, একটি মুরগির দোকান এবং একটি চায়ের স্টল সহ খানের পরিবারের তিনটি দোকান ভেঙে দিয়েছে।

সম্প্রতি, হিন্দুত্ববাদীরা বিজেপির অধিনে থাকা রাজ্যগুলিতে মুসলিমদের দোকান ও বাড়ি ভাঙতে বুলডোজার ব্যবহার করছে। ফলে এটি এখন ভারতের সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের বিরুদ্ধে হিন্দুত্ববাদী বিজেপির প্রকাশ্য বৈষম্যের প্রতীক হয়ে উঠছে।

গৃহহীন হয়ে পড়া আব্দুল হালিম অস্থায়ী বাসস্থান ও নিরাপত্তার খোঁজে এক জায়গা থেকে অন্য জায়গায় ঘুরে বেড়াচ্ছেন। তিনি বলেছেন, "এই হঠাৎ অসহায়ত্ব এবং বাড়ি হারানো এমন কিছু যা আমরা কল্পনাও করিনি। আমাদের বাড়ি ধ্বংস হয়ে গেছে, পরিবার বিচ্ছিন্ন হয়ে গেছে, মানুষ আমাদের জীবন নাশের অপেক্ষা করছে। "আমি মনে করি না এর চেয়ে খারাপ কিছু ঘটতে পারে।"

মুসলিম পরিবারটি ধ্বংসের পরে, সাহুর একটি ভিডিও অনলাইনে ভাইরাল হয়েছে, যা নিশ্চিত করে যে সে স্বেচ্ছায় আসিফ খানকে বিয়ের জন্য বেছে নিয়েছিল।

আব্দুল হালিম বলেন, "হাইকোর্ট ওই দম্পতিকে আদালতে বিয়ের অনুমতি দিয়েছে। এ সবের জন্য আমার প্রায় ৩ লক্ষ ভারতীয় রুপি খরচ হয়েছে এবং আমি মানুষের কাছ থেকে ঋণ নিয়ে এটি পরিচালনা করেছি।...সেখানে পরিস্থিতি খুবই খারাপ। সাক্ষী তার নিজের ইচ্ছায় আমার ছেলেকে বিয়ে করেছে, কিন্তু হিন্দুত্ববাদী সন্ত্রাসীরা এটা সহ্য করতে পারে না।"

সমস্ত কিছু ধ্বংসের পরেও, আব্দুল হালিম শুধুমাত্র তার ছেলের নিরাপত্তা নিয়ে চিন্তিত এবং বিশ্বাস করে যে তারা ধরা পড়লে, আসিফকে হয় জেলে পাঠানো হবে বা হত্যা করা হবে এবং সাক্ষীকে তার পিতামাতার কাছে বাড়িতে পাঠানো হবে।

"ভারতের কথিত সংবিধান অনুযায়ী, আসিফ বা তার পরিবার কোনো অপরাধ করেনি। সাক্ষী স্বেচ্ছায় আসিফের সাথে বসবাস করছে।

তিনি আরো বলেছেন, "অনুচ্ছেদ ৯০-এ, একজন ব্যক্তিকে ১৮ বছরের বেশি বয়সী হলে তারা কার সাথে থাকতে চায় তা বেছে নেওয়ার অধিকার দেয়।" "যেহেতু এখানে কোনো জোরপূর্বক ধর্ম পরিবর্তন নেই এবং তাই লাভ জিহাদের কোনো ঘটনা নেই।"

তবুও হিন্দুত্ববাদীদের জিঘাংসার শিকার হতে হলো এই মুসলিম পরিবারটিকে। আসলে ভারত এখন চলছে উগ্র হিন্দুত্ববাদীদের ইচ্ছামাফিক, তারা আইনের কোন ধার ধারছে না। আর প্রশাসন ও বিচার ব্যবস্থাও আংশিক বা পুরোপুরি হিন্দুত্ববাদীদের প্রভাবে চলে গেছে।

সার্বিক পরিস্থিতি মোকাবেলায় মুসলিমদেরকে তাই নিজেদের প্রতিরক্ষা ব্যবস্থা জোরদার করার দিকে মনোনিবেশ করতে বলেছেন ইসলামি চিন্তাবীদগণ।

প্রতিবেদক : মাহমুদ উল্লাহ

তথ্যসূত্র:

----

1. MP: Marriage with Hindu woman leaves a Muslim family miserable

- https://tinyurl.com/5n9ah499

2. ‘Love Jihad’ and conversion discussed at Bajrang Dal arms training event in Karnataka - https://tinyurl.com/6ca26w6r

---

এক মাসে ১২২৮ ফিলিস্তিনিকে আটক করেছে ইসরাইল

দখলদার ইহুদিদের সামরিক বাহিনী গত এপ্রিল মাসে ১২২৮ ফিলিস্তিনিকে আটক করেছে। যাদের মধ্যে ১৬৫ জন শিশু এবং ১১ জন মহিলা রয়েছেন।দখলদার ইসরায়েল কর্তৃক আটক বা গ্রেপ্তার হওয়া ফিলিস্তিনিদের সংখ্যা এবং পরিস্থিতির প্রতিবেদনকারী কিছু বেসরকারি সংস্থা ঘোষণা করেছে যে, তেল আবিব কর্তৃপক্ষ ২০২২ সালের শুরু থেকে গত মাসে সর্বোচ্চ সংখ্যক আটকের হার রেকর্ড করেছে।

সম্প্রতি দখলদার ইসরায়েলি সামরিক বাহিনী জেরুজালেমে বসবাসকারী ফিলিস্তিনিদের উপর জুলুমের মাত্রা বৃদ্ধি করেছে। যেখানে দখলদার ইহুদীরা কোন অভিযোগ বা বিচার ছাড়াই শত শত লোকের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করছে।

অন্যদিকে পর্যবেক্ষক সংস্থাগুলো জানিয়েছে যে, আটক ব্যক্তিদের জিজ্ঞাসাবাদের সময় বিভিন্ন মানবাধিকার লঙ্ঘন করছে ইসরায়েলি বাহিনী। মুসলিমরা প্রতিনিয়ত নির্যাতনের শিকার হচ্ছেন ইহুদিদের হাতে।

এছাড়াও দখলদার ইসরায়েলি সেনাবাহিনী ফিলিস্তিনিদেরকে আটকের সময় ইচ্ছাকৃতভাবে অনেককে গুরুতরভাবে আহত করছে।

বর্তমানে, অবৈধ রাষ্ট্রে ইসরায়েলের কারাগার এবং আটক কেন্দ্রে ৪৭০০ এর বেশি ফিলিস্তিনি আটক রয়েছেন। যাদের মধ্যে মহিলা এবং শিশুরাও রয়েছে।

বিমানবন্দর পরিচালনায় আরব আমিরাতের সঙ্গে আফগান সরকারের চুক্তি

আফগানিস্তানের ইসলামি ইমারাত প্রশাসন দেশটির চারটি প্রধান বিমানবন্দর পরিচালনার জন্য সংযুক্ত আরব আমিরাত ভিত্তিক একটি কোম্পানির সাথে চুক্তিতে পৌঁছেছে।

আজ ২৪ মে ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের রাজধানী কাবুলে দুই পক্ষের মধ্যে এক অনুষ্ঠান শেষে এই চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত অনুষ্ঠানে আফগান প্রশাসনের ঊর্ধ্বতন অনেক ব্যক্তিরাও উপস্থিত ছিলেন।

চুক্তির অনুযায়ী, সংযুক্ত আরব আমিরাত ভিত্তিক কোম্পানি 'GAAC' আফগানিস্তানের রাজধানী কাবুল বিমানবন্দর, হেরাত, কান্দাহার এবং মাজার-ই-শরীফ বিমানবন্দর পরিচালনা করবে।

বিমানবন্দরগুলিতে মেরামত, রক্ষণাবেক্ষণ এবং গ্রাউন্ড হ্যান্ডলিং পরিষেবাগুলির মতো কাজগুলিও 'GAAC' দ্বারা পরিচালিত হবে।

'GAAC' কোম্পানিটি ইথিওপিয়া, তিউনিসিয়া এবং মরক্কোর মতো দেশের এয়ারলাইনগুলির পাশাপাশি উঁচু উঁচু ভবন নির্মাণ এবং এয়ারফ্রান্সের মতো অনেক গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদান করে থাকে।

উল্লেখ্য যে, ইতিপূর্বে আফগানিস্তানের বিমানবন্দরগুলো পরিচালনার জন্য তুরস্ক এবং কাতারের মতো দেশগুলির সাথেও কয়েক দফা আলোচনা হয় তালিবান সরকারের। কিন্তু এই দেশগুলোর শর্তাবলী মেনে চুক্তিতে রাজি হয়নি আফগান সরকার। কারণ এসব শর্তের ফলে নব প্রতিষ্ঠিত ইসলামি ইমারাতের অর্থনীতি ও নিরাপত্তা হুমকির মুখে পড়ার সম্ভাবনাই ছিলো বেশি।

গণহত্যার প্রস্তুতি | আরএসএস সমাবেশে মুসলিম বিরোধী কাজকে কৃতিত্ব হিসাবে তুলে ধরে হিন্দুত্ববাদী বিজেপি মুখ্যমন্ত্রীরা

ভারতে এখন চারিদিকে শুধুই মুসলিম বিদ্বেষের আগুন জ্বলছে, চলছে মুসলিম গণহত্যার চূড়ান্ত প্রস্তুতি। আর সেই আগুনে নিয়মিত ঘি ঢেলে যাচ্ছে সাধু সন্ন্যাসীর নামধারী উগ্র হিন্দু সন্ত্রাসী ধর্মগুরু ও হিন্দুত্ববাদী নেতা নেত্রীরা। মুসলিম বিদ্বেষী কাজগুলোকে তারা তাদের কৃতিত্ব হিসেবে তুলে ধরছে। যেন অন্যরাও মুসলিম বিদ্বেষী কাজে উৎসাহ পায়।

আরএসএস-অধিভুক্ত ম্যাগাজিন অর্গানাইজার এবং পাঁচজন্যার ৭৫ বছর উদযাপন উপলক্ষ্যে আয়োজিত একটি অনুষ্ঠানে বক্তৃতা করার সময়, বিজেপির মুখ্যমন্ত্রীরা তাদের রাজ্যে বিভিন্ন ইসলামফোবিক স্কিম এবং প্রকল্প সম্পর্কে প্রকাশ্যে কথা বলেছে। এগুলোকেই তাদের কৃতিত্ব হিসাবে তুলে ধরেছে তারা।

যোগী আদিত্যনাথ হিন্দুত্ববাদী গোষ্ঠীর সমাবেশে উপস্থিত দর্শকদের বলেছিল, উত্তর প্রদেশে প্রথমবারের মতো রাস্তায় মুসলিমদের ঈদের জামাত করতে দেয়া হয়নি। তাছাড়া বিজেপি সরকারের মুসলিম বিদ্বেষী ক্র্যাকডাউনের পরে নিরুপায় হয়ে "মসজিদের লাউডস্পিকারের ভলিউম কমাতে বাধ্য হয়েছে। অধিকাংশ মসজিদ থেকে হিন্দুত্ববাদী প্রশাসন লাউডস্পিকার সম্পূর্ণভাবে সরিয়ে দিয়েছে।

ইউপির এই উগ্রবাদী মুখ্যমন্ত্রী অযোধ্যায় বাবরী মসজিদ ভেঙ্গে যে রাম মন্দির তৈরি করা হচ্ছে- সেই সম্পর্কে গর্ব করে কথা বলেছে। এই সন্ত্রাসী আরো বলেছে, "কাশী বিশ্বনাথ মন্দির, মথুরা, বৃন্দাবন এবং চিত্রকূটের মতো স্থানে আমাদের চেষ্টা অব্যাহত রয়েছে।"

উল্লেখ্য, বাবরী মসজিদ শহীদ করার পর থেকেই অন্যান্য আরও অসংখ্য মসজিদ শহীদ করার ষড়যন্ত্র করছে উগ্র হিন্দুত্ববাদীরা। ইতিমধ্যেই তারা মসজিদ ভেঙ্গে দেওয়ার বিভিন্ন ভিত্তিহীন প্রেক্ষাপট সামনে আনতে শুরু করেছে।

আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা দাবি করেছে যে মাদ্রাসাগুলি বন্ধ করে দেওয়া হেচ্ছে। শর্মা আরো বলেছে, “মাদ্রাসা” শব্দটি বিলুপ্ত হওয়া উচিত। উত্তর-পূর্ব রাজ্যের মুখ্যমন্ত্রী রাজ্যে সরকারি অনুদানপ্রাপ্ত মাদ্রাসাগুলি বন্ধ করার জন্য একটি ইসলাম বিদ্বেষী পদক্ষেপ নিয়েছে।

হিন্দুত্ববাদী সন্ত্রাসীরা প্রকাশ্যে এমন মানবাধিকার লঙ্ঘন করার পরও, কথিত আন্তর্জাতিক সম্প্রদায় ও হলুদ মিডিয়াগুলোর এমন নিশ্চুপ থাকাটা এটাই প্রমাণ করে যে, মুসলিমদের স্বাধিকারের ব্যাপারে তাদের কোন পরোয়া নেই। তাদের কাজ হচ্ছে বিশ্বের সামনে অমুসলিমদের অপরাধগুলোকে ধামাচাপা দিয়ে মুসলিমদের অপরাধি হিসেবে উপস্থাপন করা।

তথ্যসূত্র:

----

1. At RSS event, BJP CMs highlight anti-Muslim policies in their states as achievements - https://tinyurl.com/3ty5phtn

২৪শে মে, ২০২২

মালিতে তীব্রতর হচ্ছে রুশ বাহিনী কর্তৃক বেসামরিক নাগরিক গণহত্যা

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের ঘনিষ্ঠ ভাড়াটে বাহিনী 'ওয়াগনার' দ্বারা মালিতে চালানো হচ্ছে বেসামরিক জনগণের উপর গণহত্যা। যা দিন দিন আরও তীব্রতর হচ্ছে।

স্থানীয় গণমাধ্যম এবং পশ্চিমা সংবাদ সূত্র মতে, মালিতে বেসামরিক জনগণের বিরুদ্ধে ভাড়াটে বাহিনী 'ওয়াগনার' এর কার্যকলাপের ছবি, বিভিন্ন নথি ও সাক্ষীসহ বেশ কিছু বিবৃতির সত্যতা পাওয়া গেছে। যা প্রমাণ করে যে, রাশিয়ার ভাড়াটিয়া সৈন্যরা মালিতে একটি নিয়মতান্ত্রিক গণহত্যা চালাচ্ছে। ক্রেমলিনের ঘনিষ্ঠ বলেও পরিচিত এই দলটি আফ্রিকায় অনেক যুদ্ধাপরাধ করেছে বলে জানা যায়।

ওয়াশিংটন পোস্টের খবর অনুযায়ী, পশ্চিমা গোয়েন্দা কর্মকর্তারা আফ্রিকায় ওয়াগনারের উপস্থিতির কারণ নিয়ে উদ্বিগ্ন। এই অঞ্চলে নিয়মতান্ত্রিক ভাবে বাড়ছে বেসামরিক নাগরিক হত্যা। ক্ষতিগ্রস্থ হচ্ছে দেশের অর্থনীতি ও মূল্যবান সম্পাদ। রুশ বাহিনী এই অঞ্চল থেকে আর্থিক স্বার্থ হাসিল করার চেষ্টা করছে। অন্যদিকে রাশিয়া ইউক্রেন আক্রমণের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার বরাদ্দ করছে।

শতাধিক নিরীহ বেসামরিক নাগরিক হত্যা:

অন্যদিকে, প্রত্যক্ষদর্শীরা যুক্তি দেখান যে, রুশ ভাড়াটে সৈন্যরা জিহাদি সংগঠনের বিরুদ্ধে "শান্তি পুনরুদ্ধারের" অজুহাতে শত শত নিরীহ বেসামরিক মানুষকে হত্যা করেছে এবং তা এখনো অব্যাহত রয়েছে।

প্রত্যক্ষদর্শীদের মতে, কোন সন্দেহ নেই যে, সারা দেশে একটি অজানা ভাষায় কথা বলা সাদা চামড়ার সৈন্যদের উপস্থিতি রয়েছে। যারা সেখানে গণহত্যা চালাচ্ছে।এমনটাই বলেছেন সশস্ত্র সংঘর্ষের এলাকা এবং ডেটা প্রকল্পের (ACLED) গবেষক হেনি নাসাইবিয়া।

ACLED ডেটা দেখায় যে, মালিয়ান সৈন্য এবং তাদের রাশিয়ান অংশীদাররা এপ্রিলের মাঝামাঝি সময়ে ৪৫৬ জন বেসামরিক মানুষকে হত্যা করেছে। ওয়াগনার থেকে পালিয়ে আসা বেসামরিক নাগরিকের সংখ্যাও সম্প্রতি বেড়েছে। জাতিসংঘের শরণার্থী সংস্থা ঘোষণা করেছে যে, ফেব্রুয়ারি থেকে দেশটির সীমান্তের কাছে শরণার্থী শিবিরে তালিকাভুক্তির সংখ্যা চারগুণ বেড়েছে।

মার্কিন সামরিক কর্মকর্তারা অনুমান করে বলে যে, মালিতে ৮০০ থেকে ১০০০ রুশ ভাড়াটে সৈন্য রয়েছে। এটা বলা হয়েছে যে, মালিতে ওয়াগনারের উপস্থিতির ফলে সামরিক জান্তা প্রশাসন প্রতি মাসে ১০ মিলিয়ন ডলার খরচ করছে।

মালির অন্তর্বর্তীকালীন সরকার যুক্তি দেয় যে, তারা রাশিয়ান সামরিক প্রশিক্ষকদের সাথে কাজ করছে। ভাড়াটিয়া 'ওয়াগনার' সামরিক কোম্পানির সাথে নয়।

অন্যদিকে রাশিয়ার দাবি, ওয়াগনার মালি বা আফ্রিকার কোনো দেশে জাতীয় স্বার্থের বিরুদ্ধে কাজ করছে না।

সোমালিয়ায় দখলদার বাহিনী কর্তৃক ৮ শিশু অপহরণ

দখলদার বিদেশী সামরিক ইউনিট সোমালিয়ার কেন্দ্রীয় অংশে অন্তত ৮ শিশুকে অপহরণ করেছে বলে জানা গেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, দখলদার আফ্রিকান ইউনিয়ন সোমালিয়া ট্রানজিশন মিশন' (এটিএমআইএস) এর বুরুন্ডিয়ান সামরিক বাহিনী ৮ শিশুকে অপহরণ করেছে।

আঞ্চলিক সূত্রগুলো জানিয়েছে যে, ৮ শিশুকে প্রচন্ড মারধর করার পর অপহরণ করা হয়। এই ঘটনার সময় শিশুদের জোরপূর্বক সামরিক ইউনিফর্ম এবং অস্ত্র পরিয়ে ছবি তোলা হয়। ধারণা করা হচ্ছে, আশ-শাবাব সদস্য হিসেবে দেখানোর জন্য শিশুদের এভাবে ছবি তোলা হয়েছে।

এই ঘটনার পর স্থানীয় লোকজন শহরগুলোতে বিক্ষোভ করেছেন। পাশাপাশি তারা দেশটি থেকে দখলদারিত্বের অবসানের আওয়াজ তুলেছেন।

উল্লেখ্য যে, মে মাসের শুরুতে, দেশটির রাজনৈতিক ও সামরিক অঙ্গনে সবচাইতে শক্তিশালী ইসলামি প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন সোমালিয়ায় একটি বড়ধরণের সামরিক অপারেশন পরিচালনা করে। যা দেশটির 'আইল বারাফ' অঞ্চলে অবস্থিত দখলদার বুরুন্ডিয়ান বাহিনীর একটি সামরিক ঘাঁটি লক্ষ্যবস্তু করে চালানো হয়। এতে প্রায় ২০০ বুরুন্ডিয়ান সেনা নিহত হয় এবং আরও কয়েক ডজন সৈন্য আহত হয়।

কোরআন শিক্ষা দেওয়ায় চীনে খুন এক উইঘুর শিক্ষক

পৃথিবীর সর্ববৃহৎ কারাগার পূর্ব তুর্কিস্তানে চলছেই দখলদার চীন সরকারের বর্বর নির্যাতন। প্রতিদিনই আকাশ-বাতাস প্রকম্পিত হচ্ছে উইঘুর মা-বোনদের অশ্রুসিক্ত নয়নে। তবু প্রতিবাদ করছে না কেউ।

এবার চীন সরকারের নির্যাতনে আরও একজন উইঘুর শিক্ষকের মৃত্যু হয়েছে কনসেন্ট্রেশন ক্যাম্পে। তাঁর নাম আব্দুহেলি হাসিম।

পারিবারিক বরাতে এ তথ্য জানিয়েছেন বার্তা সংস্থা ডোম (ডকুমেন্টিং অপ্রেশন এগেইনস্ট মুসলিম)। জানা যায় ২০১৭ সালে নিজ সন্তানকে কোরআন শিক্ষা দেয়ার অভিযোগে গ্রেফতার করে কনসেন্ট্রেশন ক্যাম্পে প্রেরণ করে নাস্তিক্যবাদী চীন সরকার। পরে ১৯ বছরের কারাদণ্ড প্রদান করে এ শিক্ষককে। চরম নির্যাতনে গত বছর ২০২১ সালের মে মাসে তিনি কারাগারে মারা যান।

তথ্যসূত্র:

——

Uyghur Muslim Serving 19-Year Prison Sentence Dies- https://tinyurl.com/3pd6ukx4

২৩শে মে, ২০২২

আসামে পুলিশি নির্যাতনে মুসলিম হত্যার প্রতিবাদকারীদের বাড়িঘর ভাঙ্গচুর হিন্দুত্ববাদী প্রশাসনের

ভারতে উগ্র হিন্দুদের পাশাপাশি মিথ্যে অভিযোগে মুসলিমদের অন্যায়ভাবে খুন করছে হিন্দুত্ববাদী প্রশাসন।তারই ধারাবহিকতায় এবার আসামের নগাঁও প্রশাসন গত ২২-০৫-২২ রবিবার মাছ ব্যবসায়ী সফিকুল ইসলামকে পিটিয়ে খুন করেছে।

গত ২০-০৫-২২ শুক্রবার সন্ধ্যায় শিবসাগরের উদ্দেশ্যে বাসে উঠতে যাওয়ার সময় আসাম পুলিশ বিনা অপরাধে তাকে আটক করেছিল।

ইসলাম পরিবার জানিয়েছে, পুলিশ তাকে ছেড়ে দেওয়ার জন্য ১০,০০০ টাকা এবং একটি বড় ধরণের হাঁস ঘুষ দাবি করে। ইসলামের স্ত্রী বলেন, আমরা গরীব এত টাকা কোথায় পাব। আর আমরা কেবল একটি হাঁস পালতাম। দাবিকৃত ঘুষের টাকা দিতে না পারায় হিন্দুত্ববাদী পুলিশ তাকে পিটিয়ে খুন করে। ইসলামের স্ত্রীকে বলা হয়েছিল যে তার স্বামীকে নগাঁও সিভিল হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। পরে সেখানে গিয়ে তিনি তাকে মৃত অবস্থায় দেখতে পান।

পুলিশি হেফাজতে মৃত্যুর ঘটনায় বাটাদ্রবা থানায় মুসলিমরা প্রতিবাদ জানাতে জড়ো হয়। আর হিন্দুত্ববাদী ভারতে এটাই প্রতিবাদকারী মুসলিমদের কাল হয়ে দাঁড়ায়। গাযের জোরে ক্ষমতার অপব্যবহার করে মুসলমানদের বাড়িগুলো বুলডোজার দিয়ে ভেঙে হিন্দুত্ববাদী প্রশাসন। এমনকি খুন হওয়া সফিকুল ইসলামের বাড়িও ভেঙে দিয়েছে হিন্দুত্ববাদী জেলা প্রশাসন।

সালনাবাড়ি এলাকার বাসিন্দারা বলেছেন যে জেলা প্রশাসন এবং পুলিশ প্রায় সাতটি বাড়ি ভেঙে দিয়েছে। তারা আরো জানিয়েছেন, হিন্দুত্ববাদী কর্তৃপক্ষ কোন নোটিশও জারি করেনি এবং ধ্বংস অভিযান চলাকালীন মুসলিমদের এলাকায় প্রবেশ করতে দেয়নি। ফলে মুসলিমদের বাড়িঘর ভাঙ্গার পাশাপাশি বহু মূল্যবান জিনিসপত্রের ব্যাপক ক্ষয় ক্ষতি হয়েছে।

বিশ্লেষকরা বলছেন, হিন্দুত্ববাদী ভারত মুসলিমদের এতো এতো মানবাধিকার লঙ্ঘন করার পরও কথিত আন্তর্জাতিক সম্প্রদায়ের এমন নিশ্চুপ থাকাটা এটাই প্রমাণ করে যে, মুসলিমদের স্বাধিকারের ব্যপারে তাদের কোন পরোয়া নেই। তাই যা কিছু করার মুসলিমদেরই করার আহ্বান জানিয়েছেন বিজ্ঞ বিশ্লেষকগণ।

তথ্যসূত্র:

-----

1. Assam: Govt demolishes house of Muslim man day after killed in police custody - https://tinyurl.com/bdd3yzjy

বুরকিনান সেনা ঘাঁটিতে আল-কায়েদার হামলা: ২২ সেনা হতাহত

বুরকিনা ফাসোর উত্তরাঞ্চলে সামরিক বাহিনীর উপর এক হামলার ঘটনায় কমপক্ষে ৫ সেনা নিহত এবং ১৭ সেনা আহত হয়েছে।

স্থানীয় সূত্র মতে, গত ২১ মে ভোর ৫ টার দিকে বুরকিনা ফাসোর উত্তরাঞ্চলিয় বুরজাঙ্গা এলাকায় একটি হামলার ঘটনা ঘটেছে। যা ঐ অঞ্চলে অবস্থিত দেশটির গাদ্দার সেনাবাহিনীর একটি ঘাঁটি লক্ষ্য করে চালানো হয়েছে।

সূত্র মতে, আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী 'জেএনআইএম' এর বীর যোদ্ধারা এই হামলাটি চালিয়েছেন। তাঁরা প্রথমে সামরিক ঘাঁটিতে বোমা বিস্ফোরণের মাধ্যমে সেনাদেরকে বিভ্রান্ত করেন। এরপর প্রতিরোধ যোদ্ধারা ঘাঁটিতে প্রবেশ করে ভারী অস্ত্র শস্ত্র দ্বারা হামলা চালাতে থাকেন।

প্রতিরোধ যোদ্ধাদের তীব্র আঘাতে সামরিক বাহিনীর কমপক্ষে ৫ সেনা নিহত এবং আরও ১৭ সেনা আহত হয়। সেই সাথে ঘাঁটিতে থাকা অসংখ্য সামরিক সরঞ্জাম ধ্বংস করেন মুজাহিদগণ।

আফগানিস্তান সম্পর্কে পশ্চিমাদের দৃষ্টিভঙ্গি বদলাতে হবে: প্রতিরক্ষামন্ত্রী

রবিবার কাবুলে ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের প্রাক্তন আমীরুল মুমিনিন মোল্লা আখতার মোহাম্মদ মানসুর (রহিমাহুল্লাহ) শাহাদাতের ষষ্ঠ বার্ষিকীতে একটি অনুষ্ঠানের আয়োজন করে তালিবান।যেখানে ইমারাতে ইসলামিয়ার প্রতিরক্ষা মন্ত্রী বলেছেন যে, আফগানিস্তানের প্রতি পশ্চিমা দেশগুলোর উচিত তাদের মনোভাব ও দৃষ্টিভঙ্গি পরিবর্তন করা।

অনুষ্ঠান চলাকালীন, প্রতিরক্ষা মন্ত্রী মৌলভী মোহাম্মদ ইয়াকুব মুজাহিদ (হাফিজাহুল্লাহ) বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রের জন্য এটাই কল্যাণকর হবে যে, আফগানিস্তানে তার ২০ বছরের পুরানো ভিশন বাস্তবায়নের চেষ্টা না করা। তবে আমরা তাদেরকে বলব, ইমারাতে ইসলামিয়ার সাথে মিলিত হয়ে ভালো কাজ করার।

তিনি বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপ বা অন্য যেকোন দেশই হোক না কেন, আফগানিস্তান সম্পর্কে বিগত ২০ বছরেরও বেশি সময় ধরে তারা যেই মনসিকতা লালন করেছে তা এখন তাদেরকে পরিবর্তন করতে হবে। তাদেরকে বর্তমান আফগানিস্তানকে অন্যভাবে দেখতে হবে।

অনুষ্ঠানে উপপ্রধানমন্ত্রী মোল্লা আবদুল গনি বারাদার (হাফিজাহুল্লাহ) বলেন যে, ইমারাতে ইসলামিয়ার প্রাক্তন আমিরুল মুমিনিন মোল্লা মানসুরের নেতৃত্বে আফগানিস্তানের গোয়েন্দা সংস্থা এবং সামরিক বাহিনী সশস্ত্র লড়াইয়ে উল্লেখযোগ্য অগ্রগতি করেছে।

উপ-প্রধানমন্ত্রী আবদুল সালাম হানাফি জনগণকে আশ্বস্ত করে বলেছেন যে, আফগানিস্তানে যেকোন অন্যায় প্রতিরোধ করা হবে। প্রয়োজনে তাঁর প্রশাসন কঠোর অবস্থান গ্রহণ করবে।

তিনি আরও বলেন, "আফগানিস্তানের যে কোনো জায়গায় যারা নিপীড়নের সাথে যুক্ত, তাদের থামানোকে আমরা আমাদের ইসলামী দায়িত্ব মনে করি।"

পররাষ্ট্রমন্ত্রী মৌলভী আমির খান মোত্তাকী সমাবেশ থেকে বলেন, ‘ইসলামী ইমারাত যদি বিদেশিদের দাবি মেনে নেয়, তাহলে সেই ভাগ্যই বরণ করতে হবে যা সাবেক সরকারপ্রধান আশরাফ গনির ভাগ্যে নির্ধারিত হয়েছে’।

২২শে মে, ২০২২

সবকা সাথ সবকা বিকাশের নামে মুসলিমদের ধোঁকা : ইউপি মন্ত্রিসভায় নতুন মাদ্রাসাগুলিতে সরকারী অনুদান বন্ধের প্রস্তাব গ্রহণ

ভারতের উত্তরপ্রদেশে কিছুদিন আগে মাদ্রাসার তালিবুল ইলমদের জোরপূর্বক শির্কী সঙ্গীত গাওয়া বাধ্যতামূলক করেছে সে দেশের হিন্দুত্ববাদী সরকার। এবার গত (১৭-০৫-২২) মঙ্গলবার উত্তরপ্রদেশ সরকার তার অনুদানের তালিকা থেকে নতুন মাদ্রাসাগুলিকে বাদ দেওয়ার একটি প্রস্তাব গ্রহণ করেছে।

অথচ, ভোটের আগে হিন্দুত্ববাদী নেতারা মুসলিমদের সমান অধিকারের স্লোগান শোনায়। সবকা সাথ সবকা বিকাশের কথা বলে। কিন্তু বাস্তবে হিন্দুত্ববাদীরা মুসলিদেরকে পদে পদে বঞ্চিত করছে। তারই ধারাবাহিকতায় হিন্দুত্ববাদী মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের মন্ত্রিসভায় এ সিদ্ধান্ত নিয়েছে যে নতুন মাদ্রাসাগুলি এখন থেকে কোনও অনুদান পাবে না। সরকারী পরিসংখ্যান অনুসারে, ইউপিতে মোট ১৬৪৬১টি মাদ্রাসা রয়েছে।

গত মাসে, রাজ্য সরকার মাদ্রাসা আধুনিকীকরণ প্রকল্পের নামে মাদ্রাসাগুলিতে হয়রানিমূলক তদন্তের নির্দেশ দেয়। ১২ মে, ইউপি মাদ্রাসা শিক্ষা কাউন্সিল আদেশ দিয়েছিল যে সকালে ক্লাস শুরুর আগে শির্কী জাতীয়

সংগীত গাইতে হবে এবং শিক্ষার্থীদের অনুশীলন শেষ হওয়ার পরেই তাদের পড়াশোনা শুরু করার অনুমতি দেওয়া হবে।

